



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০

ফোন : ৯৫৫৬৯৩১  
পিএবিএক্স: ৯৫৬০০২১-২৫

## কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

নং প্রকা/হিসাব-১/১৭(০৩)/২০১৫-২০১৬/ ৫৩ (৭৩)

তারিখ: ২১.০৭.২০১৫

০১. সকল উপ-মহাব্যবস্থাপক  
কর্পোরেট শাখাসমূহ
০২. সকল মূখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক  
বাংলাদেশ কৃষি ব্যাংক।


অতীব জরুরী  
তাগিদ পত্র

বিষয়: কৃষি ঋণের সুদ হার হ্রাসজনিত কারণে ২০১২-২০১৩ অর্থ বছরের জন্য সুদ ভর্তুকী প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ৩১.০৫.২০১৫ তারিখের পত্র নং-প্রকা/হিসাব-১/১৭(০৩)/২০১৪-২০১৫/২৫৬৫(৬৫) এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। ২০১২-২০১৩ অর্থবছরের কৃষি ঋণের সুদহার হ্রাসজনিত কারণে সরকারের নিকট দাবীকৃত সুদ ভর্তুকীর সঠিকতা যাচাইকল্পে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত ছকে ০৭.০৬.২০১৫ তারিখের মধ্যে একটি প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিলো। কিন্তু অদ্যাবধি আপনার অঞ্চল/কার্যালয় হতে কাংখিত প্রতিবেদনটি পাওয়া যায়নি। ফলে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদনটি বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা সম্ভব হয়নি। এ কারণে সরকারের নিকট হতে ভর্তুকী প্রাপ্তির বিয়টি বিলম্বিত হচ্ছে যা ব্যাংকের স্বার্থের পরিপন্থী।
- ০৩। এমতাবস্থায়, অত্র পত্র প্রাপ্তির সাথে সাথে নির্ধারিত ছকে কাংখিত তথ্যাদি অত্র বিভাগে প্রেরণের জন্য পুনরায় আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো। আরো উল্লেখ্য যে, কাংখিত তথ্যাদি প্রেরণ না করার কারণে সরকারের নিকট হতে সুদ ভর্তুকী পাওয়ার বিষয়ে কোন সমস্যার উদ্ভব হলে অথবা বিলম্ব হলে সংশ্লিষ্টরা দায়ী থাকবেন।
- ০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশস্ত,  
  
(মোঃ সাইফুল হুসাইন)  
উপ- মহাব্যবস্থাপক